আইনশৃঙ্খলা অবনতিতে স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি জামায়াতের



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতির অভিযোগ তুলে স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী। বুধবার বিকেলে বায়তুল মোকাররম দক্ষিণ গেটে এ দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান বক্তব্যে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, দেশজুড়ে খুন, ধর্ষণ, চাঁদাবাজি ও সন্ত্রাস বেড়ে গেছে। তিনি রাজধানীর পল্লবীতে শিশু রামিসা হত্যাকাণ্ডকে "চরম বর্বরতা" হিসেবে উল্লেখ করে দ্রুত বিচার ট্রাইব্যুনালের মাধ্যমে দোষীদের সর্বোচ্চ শাস্তির দাবি জানান।

তিনি আরও অভিযোগ করেন, নারী ও শিশু নির্যাতনের ঘটনা বেড়ে যাওয়ার পরও সরকারের পক্ষ থেকে কার্যকর ব্যবস্থা দেখা যাচ্ছে না। একই সঙ্গে বিচারহীনতার সংস্কৃতিই অপরাধকে আরও উৎসাহিত করছে বলে মন্তব্য করেন তিনি।

সমাবেশ শেষে বায়তুল মোকাররম দক্ষিণ গেট থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি গুলিস্তান জিরো পয়েন্ট, পল্টন মোড় হয়ে বিজয়নগর মোড়ে গিয়ে শেষ হয়।

নেতারা বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক করতে কঠোর ব্যবস্থা ও জিরো টলারেন্স নীতি গ্রহণ করা জরুরি। সমাবেশে দলের কেন্দ্রীয় ও মহানগর পর্যায়ের বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।